

আমের পাতার গল মাছি/ Leaf Gall Midge

বৈজ্ঞানিক নামঃ *Procontarinia matteiana*

পরিবারঃ Cecidomyiidae

বর্গঃ Diptera

গল মাছির আক্রমণে তেমন কোন ক্ষতি হয় না। পূর্নাঙ্গ গল মাছি খুবই ক্ষুদ্র। সচরাচর এদের দেখা যায় না। সাদারণত মার্চ মাসে পূর্নাঙ্গ মাছি কচি পাতার নিচের দিকে ডিম পাড়ে। ৩-৪ দিনে ডিম থেকে বাচ্চা বের হয়ে পাতা ছিদ্র করে ভিতরে ঢুকে খেতে থাকে। নার্সারির চারা কলমে আক্রমণ বেশি হয়।

ক্ষতির লক্ষণঃ

- বাচ্চা গল মাছির আক্রমণে আক্রান্ত স্থানে প্রথমে সবুজ রঙের আঁচিলের মত গুটি তৈরি হয়।
- আঁচিল তৈরি হওয়া জায়গাগুলো উচু হয়ে ফুলে উঠে।
- পরবর্তিতে আঁচিলের রং বাদামি বা ধূসর বাদামি হয় এবং আক্রান্ত পাতা বিকৃত হয়ে যায় ও অকালেই ঝরে পড়ে।
- আক্রান্ত গাছে মুকুল ও ফল কম ধরে।



পাতার গল

দমন ব্যবস্থাপনাঃ

- জাতের উপর ভিত্তি করে সঠিক দূরত্বে আমের কলম লাগাতে হবে।
- আক্রমণ বেশি হলে বর্ষাকালে আক্রান্ত ডাল কেটে ফেলতে হবে।
- গল আক্রান্ত পাতা সংগ্রহ করে পুড়িয়ে নষ্ট করে ফেলতে হবে অথবা মাটিতে গর্ত করে পুতে ফেলতে হবে।
- জুলাই-আগষ্ট মাসে ইমিডাক্লোপ্রিড ২০ এসএল গ্রুপের অনুমোদিত কীটনাশক অনুমোদিত হারে পাতার নিচের পৃষ্ঠে ভালভাবে ভিজিয়ে স্প্রে করতে হবে এবং সেপ্টেম্বর মাসে আরও একবার অনুমোদিত গ্রুপের কীটনাশক অনুমোদিত হারে স্প্রে করতে হবে [তথ্যসূত্রঃ উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই এবং সমন্বিত বালাই ব্যবস্থাপনার আলোকে ফলের পোকামাকড় ও রোগ ব্যবস্থাপনা প্রকাশনাঃ অক্টোবর/২০১৬]

আরও তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।